

বাংলাদেশ দূতাবাস
এথেন্স, গ্রীস
www.bdembassy.gr

তারিখ: ১/১২/২০১৬


বিজ্ঞপ্তি

অত্যন্ত আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ দূতাবাস, এথেন্স প্রবাসী বাংলাদেশী শিশু-কিশোরদের জন্য আন্তর্জাতিক অভিবাসী দিবস চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করতে যাচ্ছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী প্রবাসী বাংলাদেশী শিশু-কিশোর (৫-১৪ বছর)-দের আগামী বৃহস্পতিবার, ১৫ ডিসেম্বর, ২০১৬ তারিখ (অফিস সময় ৯-৫টা)-র মধ্যে দূতাবাসের শ্রম (ফোন-২১০৬৭৫৪৮১২) উইং-এ নিম্নলিখিত প্রতিপাদ্য বিষয়ের উপর অংকিত ছবি জমা দেয়ার জন্য অনুরোধ জানানো গেল:

গ্রীসে অভিবাসী বাংলাদেশীদের জীবন

২। বাংলাদেশ দূতাবাস, এথেন্স কর্তৃক আগামী ১৮ ডিসেম্বর, ২০১৬ তারিখে আয়োজিত আন্তর্জাতিক অভিবাসী দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে বিজয়ী শিশুদের পুরস্কার ও সনদ এবং অংশগ্রহণকারীদের সনদ প্রদান করা হবে।




০১.১২.২০১৬
কর্তৃপক্ষ